আলমডাঙ্গায় ব্ল্যাক বেঙ্গল গোট উন্নয়ন মেলা অনুষ্টিত

আলমডাঙ্গা প্রাণীসম্পদ অফিস ও প্রাণী সম্পদ হাসপাতালের উদ্যোগে ব্ল্যাক বেঙ্গল গোট উন্নয়ন মেলা অনুষ্টিত হয়েছে।
গতকাল বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে আলমডাঙ্গা প্রাণী সম্পদ অফিস চত্তরে মেলা উত্তর সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলা প্রাণী সম্পদ অফিসার ডাঃ গোলাম মোস্তফার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাডঃ সালমুন আহম্মদ ডন, উপজেলা নির্বাহী অফিসার পুলক কুমার মন্ডল, প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ শরিফুল ইসলাম, জেলা পরিষদ সদস্য মিজানুর রহমান, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম।
প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ বায়োজিত খন্দকারের উপস্থাপনায় স্বাগত বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি।
অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ভিটিআই এর সহযোগী অধ্যাপক নীলিমা ইব্রাহিমি, খাদ্য কর্মকর্তা মিয়াজান, উপ-সহকারি প্রাণী সম্পদ কর্মকর্তা শামসুজ্জোহা প্রমুখ।
সভায়, কালিদাশপুর ইউনিয়নের পারকুলা গ্রামের উদ্যযোক্তা মোছাঃ মুক্তা খাতুন প্রথম পুরস্কার ও বেলগাছি গ্রামের উদ্যোক্তা ফারুক হোসেনকে দ্বীতিয় পুরস্কার প্রদান করা হয়েছে।
এ ছাড়াও উন্ননয়ন মেলায় অংশ গ্রহন কারি সকল উদ্যোক্তাদের সান্তনা পুরস্কার প্রদান করা হয়েছে।

জীবননগর প্রেসক্লাবের দ্বী-

বার্ষিক নির্বাচন

জীবননগর প্রেসক্লাবের দ্বি-বার্ষিক সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার দুপুরে প্রেসক্লাব কার্যালয়ে ভারপ্রাপ্ত সভাপতি এসএম কামাল উদ্দিন জোয়াদের সভাপতিত্বে সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়।

নির্বাচনে এম আর বাবু সভাপতি ও কাজী সামসুর রহমান চঞ্চল সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

কমিটির সহ-সভাপতি পদে নারায়ণ ভৌমিক, সহ-সম্পাদক পদে মুন্সী রায়হান উদ্দিন, অর্থ সম্পাদক পদে মামুন-উর রহমান, দপ্তর সম্পাদক হুমায়ন কবীর, প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে নূর আলম, সমাজ কল্যাণ সম্পাদক পদে শেখ শহিদুর, নির্বাহী সদস্য পদে এসএম কামাল উদ্দিন জোয়াদ, সালাউদ্দীন কাজল ও আতিয়ার রহমান হয়েছেন।

নির্বাচন পরিচালনা করেন সিনিয়র সাংবাদিক কামাল সিদ্দিকী বাবু, শেখ সামসুল আলম ও আবু সাঈদ বাবুল।

চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধু এনপিএল ক্রিকেট লীগের উদ্বোধন

চুয়াডাঙ্গায় স্বল্প পরিসরে বঙ্গবন্ধু এনপিএল (নাইটিঙ্গেল প্রিমিয়ার লীগ) ক্রিকেট লীগ-২০২১ এর উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টায় সামাজিক দূরত্ব বজায় রেখে এ লীগের উদ্বোধন করা হয়।

চুয়াডাঙ্গা হায়দার আলী জোয়ার্দ্দার প্যাভিলিয়ন সংলগ্ন পুরাতন স্টেডিয়ামে এ ক্রিকেট লীগের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার মো. জাহিদুল ইসলাম।
চুয়াডাঙ্গার নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমির প্রতিষ্ঠাতা সভাপতি জেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম

জোয়ার্দ্দারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল-আমিন, সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, বঙ্গবন্ধু এন.পি.এল ক্রিকেট লীগের কো- চেয়ারম্যান মাহফুজুর রহমান জোয়ার্দ্দার মিজাইল, চুয়াডাঙ্গা ফজিলাতুন্নেছা মুজিব মহিলা ক্রিকেট একাডেমির সাধারণ সম্পাদক সামসুদ্দোহা মালিক হাসু, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান জোয়ার্দ্দার অনিক, জেলা ক্রীড়া সংস্থার নির্বাহী সদস্য নাসির আহাদ জোর্য়াদ্দার ও সাবেক কৃতি ক্রিকেটার সুরেশ কুমার আগরওয়ালা পিন্টু।

উদ্বোধন শেষে ক্রিকেট পিচে ব্যাটিং ও বোলিং করে ক্রিকেট লীগের আনুষ্ঠানিক উদ্বোধন করেন অতিথিবৃন্দ।

ব্যাটিং করেন প্রধান অতিথী পুলিশ সুপার জাহিদুল ইসলাম ও বোলিং করেন অনুষ্ঠানের সভাপতি রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন। শেষে উদ্বোধনী দু-দলের অধিনায়ককে সাথে নিয়ে টস করে অতিথিগণ খেলার সূচনা করেন।

উদ্বোধনী ম্যাচে শেখ রেহেনা একাদশ ও ফজলে নুর তাপস একাদশের মধ্যেকার ম্যাচ টাই হলে প্রচন্ড গরমের কারনে সুপার ওভার না খেলিয়ে ১-১ পয়েন্ট করে পয়েন্ট ভাগা-ভাগি করা করে দেওয়া হয়।

উল্লেখ্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী ও স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের আয়োজনে ও চুয়াডাঙ্গা নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমির ব্যবস্থাপনায় ক্রিকেট লীগটি শুরু হলো।

খেলায় যে ৮টি দল অংশ নিচ্ছে তারা হলো শেখ কামাল একদাশ (চুয়াডাঙ্গা জেলা প্রশাসন), শেখ জামাল একাদশ (পুলিশ প্রশাসন), শেখ রাসেল একাদশ (চুয়াডাঙ্গা প্রেসক্লাব), শেখ আবু নাসের একাদশ (চুয়াডাঙ্গা মুক্তিযোদ্ধা কমান্ড), শেখ সজিব ওয়াজেদ জয় একাদশ (ফার্স্ট ক্যাপিটাল ইউনিভারসিটি), শেখ রেহেনা একাদশ (চুয়াডাঙ্গা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা ক্রিকেট একাডেমি), শেখ মনি একাদশ (চুয়াডাঙ্গা পৌরসভা) ও শেখ ফজলে নুর তাপস একাদশ (চুয়াডাঙ্গা নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমি)।

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান, জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদর উপজেলায় ডিঙ্গেদহ বাজারে ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়েছেন। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমান।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার সময় চুয়াডাঙ্গা সদরের ডিঙ্গেদহ বাজার এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে মাস্ক পরিধান না করা এবং স্বাস্থ্য বিধি না মানার অপরাধে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নিমূল) আইন, ২০১৮ এর ২৪ ধারায় ৫ টি মামলায় ১৪ জন কে সর্বমোট ৩,৭৫০/- টাকা জরিমানা করেন।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা ও সার্বিকভাবে সহযোগিতা করেন পেশকার সোবহান আলী, ও অফিস সহায়ক মোঃ আরমান আলী এবং সরোজগঞ্জ ফাঁড়ি পুলিশের চৌকস দল।

এসময় উপজেলা নির্বাহী অফিসার মোঃ সাদিকুর রহমান বলেন, সরকারের সকল নিয়ম-নীতি মেনে চলতে হবে, প্রয়োজন ছাড়া ঘরের বাহিরে বের হওয়া যাবেনা এবং সকলকে মাস্ক পরিধান করে বাইরে বের হতে হবে জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে বলে জানিয়েছেন তিনি।

আলমডাঙ্গায় অপহৃত শিশু উদ্ধার-পুলিশের প্রেস ব্রিফিং

আলমডাঙ্গায় শ্বাসরুদ্ধ অভিযান চালিয়ে ৮ ঘন্টার মাথায় অপহরণের শিকার শিশুকে উদ্ধার করেছে পুলিশ।

আজ বৃহস্পতিবার দুপুর ১ টার দিকে থানা চত্তরের চুয়াডাঙ্গার এডিশনাল এসপি জাহাঙ্গীর আলম প্রেস ব্রিফিং করেন।

আনুষ্ঠানিক ভাবে অপহৃত শিশুকে তার পিতার নিকট হস্তান্তর করে পুলিশ। পুলিশ অপহরণের ঘটনায় ৫ জন আসামিকে আটক করেছে।

উল্লেখ্য, আলমডাঙ্গার পৌর এলাকার কলেজ পাড়ায় বুধবার (৩১ মার্চ) বিকেলে বাড়ির সামনে খেলার সময় শিশুটিকে কৌশলে মোটরসাইকেলে তুলে নিয়ে যায় অপহরণকারীরা।

রাতে শিশুটির বাবার কাছে মোবাইল ফোনে ১০ লাখ টাকা মুক্তিপণ দাবি করে। ওই রাতেই শিশুর বাবা আলমডাঙ্গা থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

অভিযোগের ভিত্তিতে আলমডাঙ্গা থানা পুলিশ অপহৃত শিশুকে উদ্ধার করে এসময় অপহরণের সাথে সম্পৃক্ত ৫ জনকে আটক করে।

দামুড়হুদার প্রায় কোটি টাকা মূল্যের রাস্তা উন্নয়ন কাজের উদ্বোধন

উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু বলেছেন, হাজার বছরের শেষ্ঠ বাঙ্গালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যোগ্য কন্যার যোগ্য নেতৃত্ব যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ আজ উন্নয়নশীল সোনার বাংলাদেশে পরিণত হতে সক্ষম হয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বে।
দেশ আজ সফলতা প্রান্তে পৌঁছাতে সক্ষম হয়েছেন। দেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে প্রধানমন্ত্রীর আন্তরিকতা, বলিষ্ঠ ভূমিকা ও সাহসী নেতৃত্ব অবদানের ফসল আজকের উন্নয়নশীল বাংলাদেশ। দেশকে আগামীতে উন্নত ও সমৃদ্ধ করার লক্ষ্য নিয়ে, বঙ্গবন্ধুর আদর্শ, চিন্তাধারাকে অনুসরণ করে এগিয়ে নিয়ে যাচ্ছেন দেশ। আজ দেশের প্রত্যেক সেক্টরে অভাবনীয় উন্নয়ন সারাবিশ্বের

দরবারে এখন বাংলাদেশ মডেল হিসেবে পরিচিত।
গতকাল বুধবার সকাল ১০ টার দিকে দামুড়হুদা উপজেলার হোগলডাঙ্গা গ্রামের ৭৬ লক্ষ ৭৬ হাজার ২৮৭ টাকা ব্যায়ের চেইনেজ- ০০-১০৯৪ মিটারের রাস্তা উন্নয়ন কাজের উদ্বোধন কালে এ কথাগুলো বলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।
এ সময় উপস্থিত ছিলেন, নতিপোতা ইউনিয়ন আ. লীগের সভাপতি ও জেলা পরিষদের সদস্য জাফর আলী, ওয়ার্ড আ. লীগের সভাপতি মুক্তিযোদ্ধা আলাউদ্দিন, আশাদুল হক, আঃ হোসেন, সাধারণ সম্পাদক, মোকলেছুর রহমান, শাহিন আক্তার, শাহাবুদ্দিন, ইউপি সদস্য মফিজুর রহমান, মতিয়ার রহমান মতি, নজরুল ইসলাম, ইকতিয়ার হোসেন, বাবুল হোসেন, আ. লীগ নেতা, হাজী নাসির উদ্দিন, রবিউল, হোগলডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শফিকুল ইসলাম সহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার পারকৃষ্ণপুর-মদনা বাজারে বেকারী মালিকের জরিমানা

দামুড়হুদায় ভ্রাম্যমাণ আদালতের অভিযানে বেকারী মালিক ইসমাইল হোসেন (কটা) কে ৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।
গতকাল বুধবার বিকাল তিন ঘটিকার সময় উপজেলার পারকৃষ্ণপুর-মদনা বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।
এ সময় স্বাস্থ্যসম্মত পরিবেশে খাবার তৈরী না করায়, খাবারের প্যাকেটে এক্সপায়ার ডেট উল্লেখ না থাকায় এবং লাইসেন্সবিহীন অবস্থায় ব্যবসা পরিচালনার অপরাধে বেকারী মালিক ইসমাইল হোসেন (কটা) কে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।
ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব দিলারা রহমান। ভ্রাম্যমাণ আদালতে সহযোগিতায় ছিলেন, পেশকার জিহন আলী, দর্শনা থানা পুলিশের একটি চৌকষ টিম।

আলমডাঙ্গায় ৯ নম্বর ওয়ার্ড ছাত্রলীগের আলোচনা সভা

আলমডাঙ্গা পৌরসভার ৯ নম্বর ওয়ার্ড ছাত্র লীগের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকেল ৫ টার দিকে বন্ডবিল প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ৯ নম্বর ওয়ার্ড ছাত্রলীগ নেতা লিংকনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা ছাত্র লীগের সভাপতি সালমুন আহম্মেদ ডন।
অনুষ্ঠানে প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক আলাল উদ্দিন।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্র লীগের সভাপতি আশরাফুল ইসলাম, পৌর ছাত্র লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নাহিদ হাসান তমাল, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক, সাবেক উপজেলা ছাত্র লীগের আহবায়ক সোহেল রানা শাহিন, রকি, শাকিব, অটল, সজিব, টিটন, সৈকত, হাসান, বাদশা, আশরাফুল, মুস্তাকিন, শিহাব, সোহেব, তাহমিন, রিওন, হাফিজুল, হাবিবুর, জুবায়ের, আলমঙ্গীর, রনি, টোকন, রাজন, রকি, দীনু রাব্বি, মুন্না, মনির, শিলন, শান্ত, রুবেল, রোমাত, সাহাবুল, সাজিন প্রমুখ।

আলমডাঙ্গায় মাসিক আইন শৃঙ্খলা কমিটির সভা

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্টিত হয়েছে। গতকাল সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে এই সভা অনুষ্টিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার পুলক কুমার মন্ডলের সভাপতিত্বে অনুষ্টানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হোসেন।
তিনি বলেন, যে কোন সময়ের চেয়ে করোনা পরিস্থিতি ভয়ঙ্কর। সকলকে স্বাস্থ বিধি মানার আহবান
জানাচ্ছি।
এ বছর আমরা স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালন করেছি সীমিত আকারে, সরকারি নির্দদেশনা থাকায় অনেক অনুষ্টান বাতিল করতে হয়েছে। জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশকে ক্ষুধা মুক্ত, দারিদ্রমুক্ত দেশ হিসেবে পরিচিত করিয়েছে, আমরা স্বপ্লন্নোত দেশ থেকে উন্নয়নশীল দেশে প্রবেশ করেছি।
কোন মানুষ গৃহহীন থাকবে না, মাদক কে আমরা বয়কট করেছি, বাল্যবিবাহ বন্ধ করতে হবে। বর্তমানে আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা পরিস্থিতি আগের যে কোন সময়ের চেয়ে ভাল আছে, বিশেষ করে বর্তমান ওসি সাহেব আইন শৃঙ্খলা পরিস্থিতি ভলা রাখতে স্বর্বাত্বক চেষ্টা করছে।
সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মার্জাহান নিতু, সহকারি কমিশনার ভূমি হুমায়ন কবির, উপজেলা স্বাস্থ প.প. কর্মকর্তা ডাঃ হাদী জিয়াউদ্দিন আহম্মদ, থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির, জেলা চেয়ারম্যান সমিতির সভাপতি নুুরুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান সমিতির সভাপতি কাউছার আহম্মেদ বাবলু, সম্পাদক নুরুল ইসলাম নুরু।
সভায় স্বাগত বক্তব্য রাখেন থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির। সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিনের উপস্থাপনায় বক্তব্য রাখেন উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি, কৃষি অফিসার সোহরোয়ার্দি, শিক্ষা অফিসার আব্দুল বারি, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, বিআরডিবি কর্মকর্তা সায়লা সারমিন, সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার।
অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ইউপি চেয়ারম্যান আমিরুল ইসলাম মন্টু, ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম, উপজেলা মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন নাহার আঁখি, মহিলা কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন, ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ, ইউপি চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, আনছার ভিডিপি কর্মকর্তা আবু সাইদ, খাদ্য কর্মকর্তা মোফাখ খাইরুল, ইউপি চেয়ারম্যান আমিনুল হক রোকন, মাসুদ পারভেজ,

মোস্তাফিজুর রহমান রুন্নু, নজরুল ইসলাম, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, আবাসিক প্রকৌশলী হাবিবুর রহমান, প্রকল্প কর্মকর্তা এনামুল হক, সরকারি স্কুলের প্রধান শিক্ষক রবিউল ইসলাম, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান প্রমুখ।

আলমডাঙ্গায় বিয়ে না দেওয়ায় স্কুল ছাত্রের আত্নহত্যা

বিয়ে না দেওয়ায় পিতা-মাতার উপর অভিমান করে স্কুল ছাত্র ঘাস মারা বিষ পানে আত্নহত্যা করেছে।
গতকাল বুধবার নিজ বাড়িতে চিকিৎসারত অবস্থায় সে মারা যায়। নিহত স্কুল ছাত্র আলমডাঙ্গা রুইতনপুর গ্রামের রাশিদুল ইসলামের ছেলে লিখন (১৭)।
জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের রুইতনপুর গ্রামের রাশিদুল ইসলামের ছেলে লিখন বিয়ের জন্য প্রস্তাব দেয় তার পিতা মাতার কাছে।
লিখনের পিতা-মাতা বিয়ে দিতে রাজি না হওয়ায় তাকে গালিগালাজ দেয়। বিয়ে না দেওয়ার অভিমান গত ১৫ মার্চ দুপুর ১২ টার দিকে বাড়ির পাশের মাঠের মধ্যে ঘাস মারা বিষ পান করে।
পরিবারের লোকজন লিখনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসা শেষে ৪ দিন পর বাড়িতে পাঠিয়ে দেয়। লিখন বাড়িতে চিকিৎসারত অবস্থায় দুপুর ১১ টার দিকে মারা যায়।
এ ঘটনায় লিখনের বড় ভাই বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করে।